

বৃহস্পতিবার

১৮ই সেপ্টেম্বর ২০২৫

মানবজমিন



নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ফল সেমিস্টার-২০২৫ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। প্রতি সেমিস্টারে আয়োজিত এই ওরিয়েন্টেশনের মাধ্যমে নবীন শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি ও একাডেমিক পরিবেশ সম্পর্কে পরিচিত হওয়ার সুযোগ পায়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো. মোখলেস উর রহমান। এ ছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান আজিজ আল কায়সার, এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বেনজীর আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএসইউ'র উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। বিজ্ঞপ্তি